# বিষয় ঃ মনোবিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড | ১ | ২ | ৪ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৫০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ নিচের ৮টি প্রশ্ন থেকে সর্বমোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ১ এবং ৮ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। 'ক' ও 'খ' প্রতি গুচ্ছ থেকে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ]

১.▶ রবি ও শশী দুই ভাই-বোন। রবি ঢাকার নামকরা একটি স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী। কিন্তু তার বোন শশী তার চেয়ে বড় হয়েও ভালোভাবে কথা বলতে পারে না। নিজের ক্ষুধা, তৃষ্ণা, বাথরুম এর কথাও বলতে পারে না। সন্তানের সুচিকিৎসার জন্য বাবা-মা সাধ্যমতো চেষ্টা করেছেন। চিকিৎসকের মতে, জন্মের সময় নানা জটিলতা দেখা দিয়েছিল।

ক. বুদ্ধি কী? ১
খ. ব্যক্তিতে ব্যক্তিতে বুদ্ধির পার্থক্য হয় কেন? ২
গ. শশী কোন শ্রেণির বুদ্ধি প্রতিবন্ধী? সেই শ্রেণির বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. শশীর অবস্থার জন্য যে সকল কারণ দায়ী-সেগুলো বিশ্লেষণ করো। ৪

২.▶ অমিত চাকরির জন্য একটি ভাইভা বোর্ডের সম্মুখীন হলো। ভাইভা বোর্ডে বিরতিহীনভাবে টানা এক ঘণ্টারও বেশি সময় ধরে একটির পর একটি প্রশ্ন করা হলো। অমিত কিছু প্রশ্নের উত্তর দিতে পারল, কিছু প্রশ্নের উত্তর দিতে পারল না।

ক. ব্যক্তিত্ব কী? ১
খ. চিন্তাশীল, আবেগ প্রবণ জাতীয় ব্যক্তিরা কোন ধরনের ব্যক্তিত্বের অধিকারী- বুঝিয়ে বল। ২
গ. অমিত কী ধরনের ভাইভার সম্মুখীন হয়েছিল বর্ণনা করো ৩
ঘ. অমিতকে আরও কী কী ধরনের ভাইভার সম্মুখীন করা যেতে পারত— পাঠ্যপুস্তকের আলোকে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৩.▶ রফিক নিয়মিত ক্লাস করে। পড়ার ফাঁকে ফাঁকে সে চা পান করে। চায়ের প্রতি সে খুবই দুর্বল। সে হক স্যারকে খুব পছন্দ করে। কারণ তিনিও চায়ের ভক্ত। হক স্যার বলেন, চা খেলে মনটা পরিষ্কার হয়। কিন্তু রফিক যুদ্ধকে খুব ভয় পায়। কারণ যুদ্ধের ভয়াবহতা ও করুণ পরিণতি তাকে খুবই মর্মাহত করে। যুদ্ধ পরবর্তী অবস্থায় মানুষের দুঃখ-দুর্দশা, হতাশা, অভাব তাকে কষ্ট দেয়।

ক. মনোভাব কী? ১
খ. বদ্ধমূল ধারণা বলতে কী বোঝ? ২
গ. রফিকের মতামতের সাথে মনোভাবের কোন উপাদানটি কাজ করছে? ৩
ঘ. তুমি কি মনে করো রফিক ও হক স্যারের মতামত একই ধরনের? উক্তিটির সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪.▶ মনোবিজ্ঞান ক্লাসে শিক্ষক বললেন- বর্তমানে বিশ্বে বিভিন্ন দেশে প্রায় প্রতিনিয়ত বিভিন্ন ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড সংঘটিত হচ্ছে। যার শিকার অধিকাংশ ক্ষেত্রেই নিরীহ জনসাধারণ। এসব ক্ষেত্রে সন্ত্রাসীরা আঘাত করে, ভয় দেখিয়ে বা কখনও কখনও ধ্বংসাত্মক কার্যকলাপ চালিয়ে উদ্দেশ্য হাসিল করার চেষ্টা করে।

ক. আগাসন কী? ১
খ. সমাজের নিয়ম-নীতি, প্রথা ইত্যাদি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লেখিত কর্মকাণ্ডগুলো সংঘটনে কোন কোন উৎসসমূহ ভূমিকা পালন করে- ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. উদ্দীপকে আলোচিত কর্মকাণ্ড কীভাবে প্রতিরোধ করা যেতে পারে বলে তুমি মনে করো- বিশ্লেষণ করো। ৪

৫.▶ কর্মজীবী দম্পতি তানভীর সাহেব ও মরিয়ম বেগমের একমাত্র সন্তান আবির। শুরুতে ভালো ছাত্র থাকলেও ধীরে ধীরে সে পড়ালেখায় অমনোযোগী হয়ে যাচ্ছে এবং নেশায়ও জড়িয়ে পড়েছে। ইদানীং সে শিক্ষক, মা-বাবা কারও সাথেই ভালো ব্যবহার করছে না। মা- বাবা তাকে নিয়ে চিন্তিত। তারা আবিরকে নিয়ে একজন মনোচিকিৎসকের নিকট গেলেন।

ক. শিশুর সামাজিকীকরণের প্রথম ধাপ কী? ১
খ. বিদ্যালয় শিশুর আচরণকে অনেক উন্নত করে কীভাবে? ২
গ. আবিরের কর্মকাণ্ডের পিছনে তার পরিবারের ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ. আবিরের কর্মকাণ্ডের জন্য পরিবার ব্যতীত আর কোন কোন মাধ্যম জড়িত থাকতে পারে বলে তুমি মনে করো- যুক্তিসহ আলোচনা করো। ৪

৬.▶ মিতু একাদশ শ্রেণির ছাত্রী। এবার বার্ষিক পরীক্ষায় দুইটি বিষয়ে অকৃতকার্য হয়েছে। তাই সে প্রচণ্ড মানসিক চাপের মধ্যে রয়েছে। সে ঠিকমতো খাওয়া-দাওয়া করছে না। কারো সাথে কথাও বলছে না।

ক. মানসিক চাপ কী? ১
খ. একজন ব্যক্তি কেন মানসিক চাপের সম্মুখীন হয়? ২
গ. মিতুর মানসিক চাপের পেছনে উদ্দীপক হিসেবে কী কাজ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিতুর মানসিক চাপের পরিণতি ও এর থেকে পরিত্রাণের উপায় বিশ্লেষণ করো। ৪

৭.▶ জনাব তোফায়েল ও আব্দুল লতিফ দুই বন্ধু। জনাব তোফায়েল গ্রামের মানুষের দুঃখ দুর্দশায় এগিয়ে যান, ধর্মীয় নিয়ম-কানুন মেনে চলেন। তিনি নিজেও ভালো মানুষ অন্য মানুষকেও ভালো উপদেশ দেন। আর লতিফ ব্যবসায়ী। তিনি কোটি কোটি টাকার মালিক। তার লক্ষ্য আরও অর্থ আয় করা তা যেভাবেই হোক।

ক. মূল্যবোধ কী? ১
খ. ব্যক্তি অর্থ সম্পদের প্রতি আগ্রহী হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে জনাব তোফায়েলের বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. আব্দুল লতিফের চিন্তা-ভাবনায় কোন মূল্যবোধের উপস্থিতি প্রকট আকার ধারণ করেছে-বিশ্লেষণ করো। ৪

৮.▶ নিচের শ্রেণি বিন্যাসটি লক্ষ্য কর :

| শ্রেণি ব্যবধান | গৌনঃপুণ |
|---|---|
| ৩০-৩৪ | ২ |
| ২৫-২৯ | ৩ |
| ২০-২৪ | ৬ |
| ১৫-১৯ | ৪ |
| ১০-১৪ | ৩ |
| ৫-৯ | ২ |

N = ২০

ক. অবিন্যস্ত উপাত্ত কাকে বলে? ১
খ. বিচ্যুতি বা বিস্তার পরিমাপের প্রকারভেদ লিখ। ২
গ. উপাত্ত হতে আদর্শ বিচ্যুতি নির্ণয় সারণি তৈরি করো। ৩
ঘ. (গ) হতে প্রাপ্ত সরণি থেকে আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৪

http://teachingbd.com

# মনোবিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৪ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. আলফ্রেড বিনে ও তার সহযোগী সিমোঁ কত সালে প্রথম বুদ্ধি অভীক্ষা তৈরি করেন?**

ক ১৯০৪ খ ১৯০৫

গ ১৯০৬ ঘ ১৯০৭

**২. ওয়েসলার বয়স্ক বুদ্ধি অভীক্ষায় কয়টি উপ-অভীক্ষা আছে?**

ক ৮ খ ৯

গ ১০ ঘ ১১

**৩. বুদ্ধ্যাঙ্ক শব্দটির প্রবর্তক কে?**

ক আলফ্রেড বিনে খ ডেভিড ওয়েসলার

গ চার্লস স্পিয়ারম্যান ঘ উইলিয়াম স্টার্ন

**৪. বুদ্ধি প্রতিবন্ধিতার কারণ হতে পারে—**

i. বংশগতি

ii. মস্তিষ্কে আঘাত

iii. নিকটস্থ আত্মীয়ের বিবাহ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. রোশাক কালির ছাপ অভীক্ষায় কয়টি কার্ড আছে?**

ক ১০ খ ১১

গ ১২ ঘ ১৩

**৬. মিনোসোটা বহুমুখী ব্যক্তিত্ব প্রশ্নমালায় কতগুলো বাক্য?**

ক ৫৩০ খ ৫৪০

গ ৫৫০ ঘ ৫৬০

**৭. ব্যক্তিত্বের কাঠামোতে আছে—**

i. আদিসত্তা

ii. অহম

iii. অতি অহম

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. অহমের নীতি হলো—**

i. সুখ ভোগের নীতি

ii. বাস্তবনীতি

iii. বিচারবুদ্ধি ও যুক্তিধর্মী নীতি

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**

সিগমুন্ড ফ্রয়েডের মতে, জন্মের সময় শিশুর ব্যক্তিত্বে থাকে শুধু সুখের জন্য অচেতন তাড়না যায় নাম আদিসত্তা (Id), এটি সবসময় সুখের জন্য তার তাড়নাগুলোর তাৎক্ষণিক সন্তুষ্টি পেতে চায়। সে শুধু সুখ ভোগ করতে চায়, সমাজিক রীতি-নীতির বা শিক্ষার ধার ধারে না। তার মধ্যে কোন যুক্তি নেই, সে শুধু কামনা-বাসনার প্রতিচ্ছবি।

**৯. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি ফ্রয়েডের মতমতের কোন বিষয়ের মধ্যে রয়েছে?**

ক ব্যক্তিত্বের কাঠামো খ ব্যক্তিত্বের বিকাশ

গ গতিশীলতা ঘ প্রসুপ্তিকাল

**১০. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি কোন নীতি অনুসরণ করে?**

i. বাস্তবনীতি

ii. সুখ-ভোগের নীতি

iii আদিম মানব মনের প্রতীক

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. শিশুর সামাজিকীকরণের প্রথম ধাপ কোনটি?**

ক পরিবার খ বিদ্যালয়

গ খেলার সাথী ঘ শিক্ষা

**১২. "কৃষ্টি মানুষের সকল আচরণের একটি সামগ্রিক রূপ যা জীবনযাপনের বিভিন্ন উপাদানকে একসূত্রে সামঞ্জস্যপূর্ণভাবে গ্রথিত করে"-সংজ্ঞাটি কার?**

ক গোল্ডসমীডের খ মার্গারেড ডি

গ ক্রোয়েবার ঘ রুথ বেনেডিক্ট

Teachingbd.com

http://teachingbd.com

১৩. আগ্রাসনের উৎস হলো—

i. উসকানি
ii. জন্মগত প্রবৃত্তি
iii. সামঞ্জস্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪. 'Persona' শব্দের অর্থ কী?

(ক) ব্যক্তিত্ব (খ) ব্যক্তি
(গ) মুখোশ (ঘ) কৃষ্টি

১৫. সামনে দুটো সমান আকর্ষণীয় বস্তু আছে, সেখান থেকে একটি গ্রহণ করতে হবে। এখানে কোন ধরনের দ্বন্দ্ব রয়েছে?

(ক) আকর্ষণ-আকর্ষণ
(খ) আকর্ষণ-বিকর্ষণ
(গ) বিকর্ষণ-বিকর্ষণ
(ঘ) দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ

১৬. দুটি অপ্রীতিকর লক্ষ্যবস্তু থেকে একটি গ্রহণ করাকে কী দ্বন্দ্ব বলে?

(ক) আকর্ষণ-আকর্ষণ
(খ) বিকর্ষণ-বিকর্ষণ
(গ) আকর্ষণ-বিকর্ষণ
(ঘ) দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ

১৭. কর্মভার নিরসনের পদক্ষেপ হচ্ছে—

i. দীর্ঘক্ষণ কাজ করার ফলে সৃষ্ট অবসাদবোধ
ii. পালাক্রমিক কাজ
iii. কর্ম পুনর্বিন্যাস

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. হতাশার উৎস হচ্ছে—

i. দ্বন্দ্ব
ii. পরিবেশগত
iii. কর্ম পুনর্বিন্যাস

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. চাপ সামলানোর উপায় হলো—

i. চাপমূলক পরিস্থিতি পুনর্মূল্যায়ন
ii. সামাজিক সহযোগিতা লাভের উদ্যোগ
iii. আত্মরক্ষামূলক কৌশল

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. 'অবদমন' চাপ সামলানোর কোন ধরনের কৌশল?

(ক) পরিস্থিতি পুনর্মূল্যায়ন
(খ) আত্মরক্ষামূলক
(গ) সামাজিক সহায়তা
(ঘ) প্রাতিষ্ঠানিক

২১. মানসিক চাপের ইংরেজি প্রতিশব্দ কোনটি?

(ক) Mental Pressure
(খ) Mental Nature
(গ) Mental Stress
(ঘ) Mental Situation

২২. কতগুলো মনোভাবের সমন্বয়ে গঠিত অপেক্ষাকৃত স্থায়ী বিশ্বাসকে কী বলে?

(ক) মূল্যবোধ
(খ) পূর্বসংস্কার
(গ) বদ্ধমূল ধারণা (ঘ) বদ্ধমূল ধারণা

২৩. 'A things of beauty is a joy for ever' এটি কোন ধরনের মূল্যবোধ?

(ক) তাত্ত্বিক (খ) অর্থনৈতিক
(গ) সৌন্দর্যবোধ (ঘ) রাজনৈতিক

২৪. মূল্যবোধ গঠনের মাধ্যম হচ্ছে—

i. কমিউনিটি
ii. সমবয়সী দল
iii. বিদ্যালয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. ব্যক্তি তার নিজের মধ্যে যে মূল্যবোধগুলো ধারণ ও লালন করে, এমন প্রধান প্রধান মূল্যবোধ কয়টি?

(ক) তিনটি (খ) চারটি
(গ) পাঁচটি (ঘ) ছয়টি

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | | | | | | | | | | |

teachingbd.com